গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর
সহকারী প্রোগ্রামার এর দপ্তর
www.doict.bochaganj.dinajpur.gov.bd

**বোচাগঞ্জ উপজেলার আইসিটি কমিটির জুলাই / ২০২৪ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ ডালিম সরকার<br>উপজেলা নির্বাহী অফিসার |
| সভার তারিখ | **৯ জুলাই, ২০২৪ খ্রিষ্টাব্দ** |
| সভার সময় | **সকাল ১১ ঘটিকা** |
| স্থান | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | **পরিশিষ্ট- 'ক' দ্রষ্টব্য** |



সভাপতি সভার শুরুতেই মহান মুক্তিযুদ্ধের মহানায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান, ভাষা শহীদ ও মুক্তিযুদ্ধের সকল শহীদদের স্মরণ করেন । এরপর উপজেলা আইসিটি কমিটির সম্মানিত উপদেষ্টা, উপজেলা পরিষদের নব- নির্বাচিত চেয়ারম্যান কে স্বাগত জানানো হয়। তিনি উপস্থিত সকলের সাথে কুশল বিনিময় করেন। বক্তব্যের শুরুতেই তিনি আইসিটি কমিটির উপদেষ্টা ও উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়কে স্বাগত বক্তব্য দিয়ে সভার কার্যক্রমের শুভ উদ্বোধন ঘোষণা করতে অনুরোধ জানান।

০২। উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান মহোদয় তাঁর স্বাগত বক্তব্যে বলেন বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে ও প্রধান মন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার ভিশন ২০৪১ তথা স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নের মাধ্যমে দেশকে উন্নত, সমৃদ্ধ, সোনার বাংলা গড়তে চাইলে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উন্নতি ও ব্যবহার নিশ্চিত করণের কোন বিকল্প নেই। তিনি উপজেলা আইসিটি কর্মকর্তার নিকট আইসিটি বিষয়ক সচেতনতা বৃদ্ধিমুলক কার্যক্রম গ্রহণ, নতুন নতুন আইসিটি সেবা চালু করার আহ্বান জানান এবং এই ধারা অব্যাহত রেখে ভিশন ২০৪১ তথা স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নের আশা ব্যক্ত করেন।

০৩। অতঃপর অদ্যকার সভার সভাপতি ও উপজেলা আইসিটি কমিটির সভাপতি জনাব ডালিম সরকার এর পরিচালনা ও উপজেলা আইসিটি কমিটির সদস্য সচিব জনাব মোঃ তৌহিদুল ইসলাম , সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর সঞ্চালনায় সভার কার্যক্রম শুরু হয়।

সভায় সম্মানিত সদস্যদের সক্রিয় অংশগ্রহণে আলোচনা এবং সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত/বিবরণ | বাস্তবায়নকারী ব্যক্তি/ কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | স্মার্ট বাংলাদেশ | জ্ঞানভিত্তিক, বুদ্ধিদীপ্ত, উদ্ভাবনী সমাজ প্রতিষ্ঠায় সকলকে নিত্য-নতুন প্রযুক্তি গ্রহণের আহ্বান জানানো হয়। স্মার্ট বাংলাদেশের ৪ টি স্তম্ভ তথা স্মার্ট সিটিজেন, স্মার্ট সোসাইটি, স্মার্ট ইকোনমি, স্মার্ট গভর্নেন্স সুদৃঢ় করতে সম্মানিত চেয়ারম্যান মহোদয়কে সকলকে দায়িত্বশীল হওয়ার আহ্বান জানান। Time, cost, visit কমিয়ে দ্রুত সময়ে সেবা প্রদানে সকলকে সচেষ্ট হতে হবে। ই- গভর্নেন্স বাস্তবায়নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর বদ্ধ পরিকর বলে আশাবাদ ব্যক্ত করা হয়। | উপস্থিত সকল |

<table>
<tr><td>০২</td><td>শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও শেখ রাসেল স্কুল অফ ফিউচার</td><td>অত্র মাসে বোচাগঞ্জ উপজেলায় শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় স্থাপিত ৫ টি প্রতিষ্ঠানে যথা- সেতাবগঞ্জ মহিলা কলেজ, বড় সুলতানপুর উচ্চ বিদ্যালয়, জংলীপীর উচ্চ বিদ্যালয়, আটগাঁও উচ্চ বিদ্যালয়, মোল্লাপাড়া দ্বি –ুখী উচ্চ বিদ্যালয়ের শেখ রাসেল ডিজিটাল ল্যাব গুলো পরিদর্শন করে হালনাগাদ তথ্য সংগ্রহ করা হয়।<br>সেতাবগঞ্জ মডেল পাইলট উচ্চ বিদ্যালয়ে রোবোটিক্স কর্ণার স্থাপন করা হবে মর্মে সহকারী প্রোগ্রামার সকলকে অবহিত করেন।</td><td>সহকারী প্রোগ্রামার<br>ও<br>মাধ্যমিক শিক্ষা অফিসার</td></tr>
<tr><td>০৩</td><td>ওয়েব পোর্টাল</td><td>অত্র উপজেলার বিভিন্ন দপ্তরের পোর্টলের তুলনামূলক চিত্র তুলে ধরা হয়।<br><br>Top Grade (10)<br><table><tr><th>ক্রম. নং</th><th>লিংক</th><th>শতকরা হার</th></tr><tr><td>1</td><td>উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়,বোচাগঞ্জ,দিনাজপুর</td><td>100%</td></tr><tr><td>2</td><td>বিএমডিএ, ইউনিট-২, ,বোচাগঞ্জ,দিনাজপুর</td><td>100%</td></tr><tr><td>3</td><td>উপজেলা পরিসংখ্যান অফিস,বোচাগঞ্জ,দিনাজপুর</td><td>100%</td></tr><tr><td>4</td><td>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বোচাগঞ্জ উপজেলা</td><td>100%</td></tr><tr><td>5</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়,বোচাগঞ্জ,দিনাজপুর</td><td>100%</td></tr><tr><td>6</td><td>উপজেলা সমবায় কর্মকর্তার কার্যালয়,বোচাগঞ্জ,দিনাজপুর</td><td>100%</td></tr><tr><td>7</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়,বোচাগঞ্জ,দিনাজপুর</td><td>99.5%</td></tr><tr><td>8</td><td>বাংলা টাইটেল নাই (ebek.bochaganj.dinajpur.gov.bd)</td><td>96.49%</td></tr><tr><td>9</td><td>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, বোচাগঞ্জ, দিনাজপুর</td><td>93.1%</td></tr><tr><td>10</td><td>উপজেলা কৃষি অফিস,বোচাগঞ্জ,দিনাজপুর</td><td>92.38%</td></tr></table><br><br>Lowest Grade (10)<br><table><tr><th>ক্রম. নং</th><th>লিংক</th><th>শতকরা হার</th></tr><tr><td>1</td><td>উপজেলা শিক্ষা অফিস,বোচাগঞ্জ,দিনাজপুর</td><td>45.14%</td></tr><tr><td>2</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস,বোচাগঞ্জ,দিনাজপুর</td><td>45.83%</td></tr><tr><td>3</td><td>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স,বোচাগঞ্জ,দিনাজপুর</td><td>62.85%</td></tr><tr><td>4</td><td>উপজেলা প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, বোচাগঞ্জ উপজেলা , দিনাজপুর</td><td>75.35%</td></tr><tr><td>5</td><td>উপজেলা সেটেলমেন্ট অফিস,বোচাগঞ্জ,দিনাজপুর</td><td>78.12%</td></tr><tr><td>6</td><td>বোচাগঞ্জ থানা, দিনাজপুর</td><td>82.17%</td></tr><tr><td>7</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,বোচাগঞ্জ,দিনাজপুর</td><td>82.64%</td></tr><tr><td>8</td><td>পরিবার পরিকল্পনা,বোচাগঞ্জ,দিনাজপুর</td><td>82.98%</td></tr><tr><td>9</td><td>বাংলা টাইটেল নাই (so.bochaganj.dinajpur.gov.bd)</td><td>83.17%</td></tr><tr><td>10</td><td>বাংলা টাইটেল নাই (pozip.bochaganj.dinajpur.gov.bd)</td><td>83.17%</td></tr></table><br>1. জাতীয় তথ্য বাতায়নকে সমৃদ্ধ ও হালানাগাদ করতে উপজেলার সকল সরকারি দপ্তর ও ইউনিয়ন পরিষদ এর সংলিষ্ট সবাইকে সর্বোচ্চ আন্তরিক হওয়ার সিদ্ধান্ত গৃহিত হয় ।<br>2. উপজেলা পরিষদের নব-নির্বাচিত চেয়ারম্যান, ভাইস- চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান এর প্রোফাইল হালনাগাদ করা হয়।</td><td>সহকারী প্রোগ্রামার<br>ও<br>সংশ্লিষ্ট দপ্তর</td></tr>
<tr><td>০৪</td><td>অনলাইন ও সামাজিক যোগাযোগ মাধ্যম</td><td>বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম যেমন ফেসবুক, ইউটিউব ইত্যাদি ব্যবহারে সকলকে সচেতন হওয়ার বিষয়ে আলোচনা হয়।<br>আলোচ্য বিষয়ঃ<br>i)সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে বিভিন্ন অপ-প্রচার রোধে সচেতনতা বৃদ্ধি।<br>ii) সকল কিছু সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশ না করা।<br>iii) গুজব সহ বিভিন্ন উস্কানির বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলা<br>iv) ছাত্র-ছাত্রীদের মোবাইল ব্যবহারে সচেতনতা বৃদ্ধি।<br>v) ফেসবুক ব্যবহার নীতিমালা<br>vi) মাদক বা তামাকজাত দ্রব্যের কুফল তুলে ধরা।</td><td></td></tr>
<tr><td>০৫</td><td>সাইবার সিকিউরিটি</td><td>বিভিন্ন ধরনের সামাজিক যোগাযোগ মাধ্যম বিশেষ করে ফেসবুক ব্যবহার সম্পর্কে সচেতনতা করা হয়।<br>১) ফেসবুকসহ সকল সাইটের স্ট্রং পাসওয়ার্ড ব্যবহার করা।<br>২) কোন প্রকার ফিশিং এ ক্লিক না করা।<br>৩) ব্যক্তিগত সবকিছু ফেসবুকে শেয়ার না করা।<br>৪) ওটিপি শেয়ার সহ সকল প্রকার প্রলোভন থেকে বিরিত থাকা।<br>৫) মোবাইলে স্পর্শকাতর দৃশ্য ধারণ না করা।</td><td>উপস্থিত সকল</td></tr>
<tr><td>০৬</td><td>ই-নথি/ ডি-নথি</td><td>সরকারি সকল দপ্তরের গতিশীলতা আনয়নে এবং নাগরিক সেবার মান বৃদ্ধি কল্পে ডিজিটাল নথির গুরুত্ব তুলে ধরা হয়। সকল দপ্তরকে ডি-নথি ব্যবহারে অভস্থ্য হওয়ার ব্যাপারে অবগত করা হয়।</td><td>উপস্থিত সকল</td></tr>
<tr><td>০৭</td><td>জয় সেট সেন্টার</td><td>স্মার্ট সার্ভিস পয়েন্ট, আইসিটি বিষয়ক সেবা, উন্নত আইসিটি বিষয়ক প্রশিক্ষণ প্রদানে জয় সেট সেন্টার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে মর্মে ব্যক্ত করা হয়।<br><br>অত্র উপজেলার জয় সেট সেন্টারের এর কাজ ইতোমধ্যে শুরু হয়েছে।</td><td>উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা ইঞ্জিনিয়ার</td></tr>
<tr><td>০৮</td><td>ইনোভেশন</td><td>সেবায় নাগরিক ভোগান্তি লাঘব, সেবা প্রদানের বর্তমান ব্যবস্থার উন্নয়ন বা সেবা প্রদানের নতুন মাধ্যম প্রবর্তন, নাগরিকের সঙ্গে যোগাযোগ,দাপ্তরিক অভ্যন্তরীণ কর্ম প্রক্রিয়ার উন্নয়ন, সরকারি- বেসরকারি ও অন্যান্য প্রতিষ্ঠানের অংশগ্রহণ – ইত্যাদি নিশ্চিত করার লক্ষ্যে ইনোভশনের উপর গুরুত্ব আরোপ করা হয়। উপস্থিত সকলকে নিত্য- নতুন আইডিয়া/ পরিকল্পনা প্রদানের জন্য অনুরোধ করা হয়।</td><td>উপস্থিত সকল</td></tr>
</table>

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০-০৭-২০২৪
মোঃ ডালিম সরকার
উপজেলা নির্বাহী অফিসার

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
৩০ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৫৬.০৪.০০০০.০০০.০৬.০০১.২৩.৮

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;
২। অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;
৩। প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, দিনাজপুর;
৪। সহকারী প্রোগ্রামার(সকল) দিনাজপুর এবং
৫। কম্পিউটার অপারেটর, প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, দিনাজপুর।

৩০-০৭-২০২৪
মোঃ তৌহিদুল ইসলাম
সহকারী প্রোগ্রামার